

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



টিচার্স অ্যাপ্রিসিয়েশন মাস (শিক্ষক মূল্যায়নের মাস)-এ আমাদের শিক্ষকদের ধন্যবাদ জ্ঞাপন

প্রিয় নিউ ইয়র্কবাসী,

নিউ ইয়র্ক সিটির নিবেদিত এবং মেধাবী পাবলিক স্কুল শিক্ষকদের অবদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানাতে পেরে আমি সম্মানিত বোধ করছি, এটি শুধু সদ্য অতিবাহিত শিক্ষক মূল্যায়ন সপ্তাহে নয়, বরং সারা মে মাস ব্যাপী—যাকে আমরা 'শিক্ষক মূল্যায়নের মাস' নাম দিতে পেরে খুবই আনন্দিত।

নিজে একজন প্রাক্তন শিক্ষক হিসেবে, আমি জানি এই কাজটি শুধু একটি পেশা নয়, একটি আহ্বানও বটে—সেটি হলো আমাদের শিক্ষার্থীদের জন্য একটি সীমাহীন ভবিষ্যত গড়ে তোলার আহ্বান। এই আহ্বানে সাড়াদান এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহের শিক্ষার্থীদের একটি মহৎ শিক্ষার মাধ্যমে এগিয়ে নেওয়ার জন্য আমি আমাদের শিক্ষকদের কাছে কৃতজ্ঞ।

চ্যান্সেলর হিসেবে আমি যখন স্কুলগুলি পরিদর্শন করি—সব সময়ই—সিটির শিক্ষার্থীদের প্রতি আমাদের শিক্ষকদের প্রতিশ্রুতি দেখে অনুপ্রাণিত এবং উজ্জীবিত হই। আমাদের পাঁচটি প্রাণবন্ত বরোতে এবং এর বাইরে বিশ্বব্যাপী যা-ই ঘটুক, আমাদের শিক্ষকগণ সবসময় আমাদের শিক্ষার্থীদের পাশে আছেন।

তারা শিক্ষার্থীদেরকে ভালোবাসা এবং সহায়তা প্রদান করেন। শিক্ষকগণ এটি করেন অত্যন্ত যত্নের সাথে, উচ্চ প্রত্যাশাসহ, এবং এই প্রতিশ্রুতিতে অবিচলিত বিশ্বাস নিয়ে যে, তাদের শিক্ষার্থীরা ঐ সকল উচ্চতায় পৌঁছুতে সক্ষম হবে। আমাদের

শিক্ষকগণ শিক্ষার্থীদের বড় স্বপ্ন দেখাতেও অনুপ্রাণিত করেন...এবং তাদেরকে নিজেদের জন্য একটি দুর্দান্ত ভবিষ্যত তৈরির প্রস্তুতিতে ক্ষমতায়িত করেন।

আমি আপনাকে এই সংক্ষিপ্ত [ভিডিও](#)-টি দেখতে আমন্ত্রণ জানাচ্ছি যেখানে আমি আমাদের শিক্ষকদেরকে তাদের অবদান ও নেতৃত্বের জন্য, এবং আমাদের স্কুলগুলোর প্রতিটি শিক্ষার্থীর অগ্রগতির লক্ষ্যে তাদের ত্যাগের জন্য আমি আমার কৃতজ্ঞতা প্রকাশ করেছি। আপনার জীবনকে বদলে দিতে শিক্ষকদের অবদানের প্রতি কৃতজ্ঞতা জানাতে আপনিও অনুগ্রহ করে আমাদের [DOE অল স্টারস টুল](#) ব্যবহার করুন। অথবা #ThankATeacherNYC হ্যাশট্যাগ ব্যবহার করে সোশ্যাল মিডিয়ায় আপনার কৃতজ্ঞতা প্রকাশ করুন।

নিউ ইয়র্কের সকলের পক্ষ থেকে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের সকল শিক্ষকের প্রতি: আমাদের শিক্ষার্থীদের পূর্ণ সম্ভাবনা বাস্তবায়নের জন্য শিক্ষার্থীদের ক্ষমতায়িত করতে ও অনুপ্রেরণা দিতে আপনারা যা করেন, তার জন্য আপনাদের সকলকে ধন্যবাদ!

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)
চ্যান্সেলর

আমাদের সাপ্তাহিক ভিডিও



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

আপনি যদি PS+You ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।